



তথ্যবিবরণী

নম্বর: ৪৬

**ময়মনসিংহে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়
ফুটবল টুর্নামেন্ট ২০২৩-এর উদ্বোধন**

ময়মনসিংহ (শনিবার, ১৪ অক্টোবর ২০২৩ খ্রি.)

শনিবার (১৪ অক্টোবর) বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর চূড়ান্ত পর্যায়ের খেলা ময়মনসিংহের সার্কিট হাউজ মাঠে উদ্বোধন করা হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগের আয়োজনে এই ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছে।

ময়মনসিংহ বিভাগের ০৪ জেলা ময়মনসিংহ, শেরপুর, জামালপুর ও নেত্রকোনা জেলার মোট ০৮টি দল এই ফুটবল টুর্নামেন্টে অংশগ্রহণ করছে। টুর্নামেন্টের উদ্বোধনী খেলায় শেরপুর সদর উপজেলার বাঘাতেঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং জামালপুরের সরিষাবাড়ীর ১০ নং শিশুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় বালিকা দল অংশগ্রহণ করে। খেলায় শেরপুর দল ১-০ গোলে জয়লাভ করে।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোহাম্মদ আনোয়ার হোসেন। তিনি বলেন, খেলাধুলা শিশুদের জন্য অত্যন্ত জরুরি ও গুরুত্বপূর্ণ বিষয়। ২০৪১ সালে যে শিশুরা স্মার্ট বাংলাদেশের নেতৃত্ব দেবে তাদের মাদক সন্ত্রাস থেকে দূরে রাখতে, নেতৃত্ব দেয়ার যোগ্য, দেশের প্রকৃত নাগরিক হিসেবে গড়ে তুলতে খেলাধুলার বিকল্প নেই। যেসব শিশুরা খেলাধুলা করে তাদের মানসিক বিকাশ বেশি হয়, সুস্থ সবল মন গঠনে সহায়ক হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা খেলাধুলার উপযোগী পরিবেশ তৈরিতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছেন। দেশের প্রতিটি উপজেলায় একটি করে স্টেডিয়াম নির্মাণের ঘোষণা করেছেন।

উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের উপপরিচালক মোহাম্মদ আলী রেজা। অনুষ্ঠানে ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি দেবদাস ভট্টাচার্য, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ইউসুফ আলী, আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান, বিভাগের জেলা উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাবৃন্দ, ছাত্র-ছাত্রীবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ সাধারণ দর্শকগণ উপস্থিত ছিলেন।

#

রিদওয়ান/দেওয়ান/ ২০২৩/১৪.১০ ঘণ্টা